**Bhavan's Tripura Vidyamandir**
**1st Terminal Examination : (2025-2026)**

**Class:- 12** **Subject:- Bengali**
**Code No. 105**

Time:- 3 Hours Total :- 80 Marks
Name of the student: Roll: Sec:

---

General Instructions :

1. The question paper contains 5 printed pages.
2. The question paper contains 17 questions.
3. The question paper is divided into two parts.
   PART - A : Objective type paper (MCQ) : 25 Marks
   PART - B : Descriptive paper : 55 Marks

---

4. PART-A has three Sections : (MCQ)
   Section - A : Reading (Unseen comprehension) : 10 Marks
   Section - B : Grammar : 05 Marks
   Section - C : Main Course Book & Supplementary Reader /Non detailed Text : 10 Marks
5. PART – B : has three Sections : ( Subjective)
   Section – B : Grammar. : 8 Marks
   Section - C : Main Course Book & Supplementary Reader /Non detailed Text : 35 Marks
   Section – D : Creative Writing : 12 Marks

---

**PART A:**
**SECTION-A (READING) (Unseen Comprehension)**

1. নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ : 2 ( 5×1 ) = 10

A.দুর্গা চলেছেন পাহাড়ের দিকে হেঁটে। মুখোশটা তার নিজের হাতে ধরা। তারপর পিছনে একবার ছেলেপিলে চলেছে দল বেঁধে। দলটা আস্তে আস্তে একটা রঙ্গিন স্রোত হয়ে ছড়িয়ে যাচ্ছে গোটা গ্রাম জুড়ে। আমি দূরে দাঁড়িয়ে দেখছিলাম। মা চলেছেন।

দ্বিতীয়বার। সেই গ্রামে একটা ইটের গাথনির ঘর। মাথায় টিনের চালা। মেঝে বলতে খরের আস্তর।একটা দরজা আছে, কোন জানালা নেই। সেই ঘরে প্রায় জনা ১৫ মানুষের ভিড়। দিনের বেলা হলেও আলোর উৎস বলতে দরজা আর ছাদের কাছে ঘুলঘুলি। সেই আলোতে প্রস্তুতি নিচ্ছেন তারা। আজ ওরা মাঠে যাননি লাঙ্গল ঠেলতে।তার বদলে পোষাক পড়ছেন রংচকে ,খেটে খাওয়া প্রান্তিক মানুষগুলি আর কিছুক্ষণের মধ্যেই দেবত্বে উপনীত হবেন। কেউ দুর্গা, কেউ কার্তিক, কেউ গণেশ, কেউবা সরস্বতী। যদিও মহিষাসুর এখনো এসে পৌঁছাননি। ওর ছেলের শরীরটা খারাপ। ওদের প্রায় সকলকেই চিনি এখন। ওরা হাসলেন আমায় দেখে। বাজনাযারদের সঙ্গে সামান্য কথা হলো। দলের ম্যানেজার ললিতদার “বীনাপানি ছৌ নৃত্যের” আঁতুড় ঘর এটা। এখানেই তারা প্রস্তুত হন। দুর্গা তিনি যাকে প্রথমবার দেখছি, আমায় দেখে হাতজোড় করে নমস্কার জানালেন। বয়স্ক মানুষ। চিবুকে মাথায় খোঁচা খোঁচা সাদা চুল। তার শাড়ি আর পিঠের দশটা হাত বাধা হয়ে গেছে। মুখোশটা পড়ার আগে তিনি একটা বিড়িতে টান দিয়ে নিলেন, এক ঘটি জল খেলেন। আজ ‘মহিষমর্দিনী’ পালা নাচবেন এরা। তবে আজ মাঠে নয়, গ্রামের মাঝখানে। গণেশের ছোট ছেলেটা সকলের খুব প্রিয়। ওর দেখলাম একটা ছোট্ট পোশাক আছে স্পেশাল। ওকে সেটা পরিয়ে সকলে ভীষণ মজা করেন। শুধু মুখোশটা নেই, বাচ্চাটা পোশাক পড়ে একটা তরোয়াল তোলার চেষ্টা করছে। বাবা সেই উত্তরাধিকার ওর হাতে তুলে দিলেন।

। .গ্রামে খেটে খাওয়া মানুষগুলি কিভাবে দেবত্বে উপনীত হবেন?

A. গ্রামে যাত্রা করে B. নাট্যমঞ্চে অভিনয় করে
C. পূজা করে D. মুখোশ পরে ছৌ নাচ করে।

II.মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
মন্তব্য: মহিষাসুর এখনো এসে পৌঁছাতে দেরি হওয়ার কারণ-
কারণ) ক : (তার ছেলে শরীরটা ভীষণ রকম খারাপ।
কারণ) খ : (মহিষাসুর নিজেই অসুস্থ হয়ে পড়েছেন।
A. কারণ) ক (সঠিক ,কিন্তু কারণ) খ (গ্রহণযোগ্য নয়
B. কারণ) খ (সঠিক ,কিন্তু কারণ) ক (গ্রহণযোগ্য নয়
C. কারণ) ক (এবং কারণ) খ - (দুটোই সঠিক
D.কারন)ক (এবং) খ - (কোনোটাই গ্রহণযোগ্য নয়
III. ছৌ নৃত্যের শিল্পীরা কোন পালা অভিনয়ের প্রস্তুতি নিচ্ছিল
A. রাবণ বধ B. মহিষাসুরমর্দিনী। C. মেঘনাদবধ D. সীতা হরণ
IV. আজ কোথায় নাচ হবার কথা রয়েছে?
A. গ্রামের মাঠে B.নাট্যশালায় C. গ্রামের মাঝখানে D.কথকের বাড়িতে।
v.'উৎস' শব্দটির অর্থ হল-
A. ব্যর্থতা B. দেখা C. উৎপন্ন D. প্রতিগ্রহ।
B. বৃদ্ধ মাধব শিরোমনি মশাই শিষ্য বাড়ি যাচ্ছিলেন।
বেলা তখন একটার কম নয় ,সূর্য মাথার উপর থেকে একটু হেলে গিয়েছে। জ্যৈষ্ঠ মাসের খর রৌদ্রে বালি গরম, বাতাস একেবারে আগুন, মাঠের চারিধারে কোথাও কোনো সবুজ গাছপালার চিহ্ন চোখে পড়ে না। এক আধটা বাবলা গাছ আছে তাও পত্রহীন। মাঠের ঘাস রোদ পোড়া- কটা। ব্রাহ্মণের কাপড় চোপড় গরম হাওয়ায় আগুন হয়ে উঠলো আর গায়ে রাখা যায় না। এক একটা আগুনের ঝলকের মত দমকা হাওয়ায় গরম বালি উড়ে এসে তার চোখে মুখে তীক্ষ্ণ হয়ে বিঁধছিল। জ্যৈষ্ঠ্ মাসের দুপুর বেলা এ মাঠ পার হতে যাওয়া যে ইচ্ছে করে প্রাণ দিতে যাওয়ার সামিল এই কথা নবাবগঞ্জের বাজারে তাকে অনেকেই বলেছিল। তবুও যে তিনি কারোর কথা না শুনে জোর করেই বেরোলেন, সে কেবল বোধহয় কপালে দুঃখ ছিল বলেই।
পশ্চিম দিকে অনেক দূরে একটা উলু খরের ক্ষেত গরম বাতাসে মাথা দোলাচ্ছিল। যেদিকে চোখ যায় সেদিকেই কেবল চকচকে খরবালীর সমুদ্র। ব্রাহ্মণের ভয়ানক তৃষ্ণা পেল, গরম বাতাসে শরীরের সব জল যেন শুকিয়ে গেল। জিভ জড়িয়ে আসতে শুরু করল। তৃষ্ণা এত বেশি হল যে সামনের ডোবার পচা কালো জল পেলেও তিনি তা খেতে রাজি। কিন্তু নবাবগঞ্জ থেকে রতনপুর পর্যন্ত দূরত্ব সাড়ে চার ক্রোশের ও বেশি ,বিস্তৃত এই মাঠের মধ্যে কোথাও জল পাওয়া যায় না তা সকলেই বলছিল।এই কষ্ট তাকে ভোগ করতেই হবে।
। .মাধব শিরোমনি কোন মাসে শিষ্য বাড়ি যাচ্ছিলেন?
A. জ্যৈষ্ঠ মাসে B. চৈত্র মাসে C. ভাদ্র মাসে D. বৈশাখ মাসে।
II. মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
মন্তব্য) ক : (ব্রাহ্মণের মনে হলো যে সামনে ডোবার পচা জল পেলেও তিনি তা খেতে রাজি।
মন্তব্য) খ : (কারণ তিনি ছিলেন ভীষণ রকম ক্ষুধার্ত।
A. মন্তব্য) ক (সঠিক ,কিন্তু মন্তব্য) খ (গ্রহণযোগ্য নয়
B. মন্তব্য) খ (সঠিক ,কিন্তু মন্তব্য) ক (গ্রহণযোগ্য নয়
C. মন্তব্য)ক (এবং মন্তব্য) খ - (দুটোই সঠিক
D.মন্তব্য)ক (এবং) খ - (কোনোটাই গ্রহণযোগ্য নয়
III. পশ্চিম দিকের কিসের ক্ষেত গরম বাতাসে মাথা দোলা দিচ্ছিল?
A. সর্ষের ক্ষেত B. কচুর ক্ষেত C. উলু খরের ক্ষেত D. সবজির ক্ষেত

IV. আজ যা নিতান্তই ক্ষুদ্র,দুদিন পর তা থেকে কি হয়ে থাকে?-

A. উন্নতি B.মহৎ ফল C.আয়তন বৃদ্ধি D.আগুন জ্বালানো শেখা।

v.'আগ্রহ' শব্দটির বিপরীতার্থক শব্দ হলো-

A. ব্যর্থতা B. অনাগ্রহ C. সাগ্রহ D. প্রতিগ্রহ।

**SECTION-B (GRAMMAR)**

2. ব্যাকরন থেকে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন পাঁচটি) 1×5=5

i) "পরবর্তী আ-কারের প্রভাবে পূর্ববর্তী উ-কারের ও-কারে পরিণত হওয়াকে বলে

A). স্বরসঙ্গতি B). অপিনিহিতি C). স্বরভক্তি। D). শব্দের প্রসারন

ii)'চলিতে>চইলতে <চলতে কোন ধরনের ধ্বনি পরিবর্তন-

A). অপিনিহিতি B) অভিশ্রুতি C) স্বরভক্তি D) স্বরসঙ্গতি

iii) স্কুল>ইস্কুল কোন ধরনের ধ্বনি পরিবর্তন

A) স্বরভক্তি B). স্বরসঙ্গতি C) অপিনিহিতি D)অভিশ্রুতি

iv)'ঠাকুর' শব্দটির মূল অর্থ 'দেবতা' কিন্তু বর্তমান অর্থ 'রান্নার লোক' -এটি কোন ধরনের শব্দার্থ তত্ত্বের অন্তর্গত?

A)শব্দের উৎকর্ষ B)শব্দের অপকর্ষ

C)শব্দার্থের সম্প্রসারণ D)শব্দার্থের সংকোচন

v) 'বিদায়' শব্দের অর্থ 'যাত্রার অনুমতি' কিন্তু তার পরিবর্তিত অর্থ 'প্রস্থান'- এখানে কোন ধরনের শব্দার্থ তত্ত্বের প্রয়োগ হয়েছে?

A)শব্দের উৎকর্ষ B)শব্দের অপকর্ষ C)শব্দার্থের সম্প্রসারণ D)শব্দার্থের সংকোচন

vi) 'বেদ 'শব্দটির মূল অর্থ 'জ্ঞান' তার পরিবর্তিত অর্থ 'গ্রন্থ বিশেষ'- এখানে কোন ধরনের শব্দার্থ তত্ত্ব প্রয়োগ করা হয়েছে?

A)শব্দের উৎকর্ষ B)শব্দের অপকর্ষ C)শব্দার্থের সম্প্রসারণ D)শব্দার্থের সংকোচন

**SECTION-C**

**(MAIN COURSE BOOK)**

3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখ): যেকোনো পাঁচটি( I5×1 =5

I (শেষ দিনের শো তে রজনী বাবু কটা ক্ল্যাপ পেয়েছেন ?

A)পাঁচটি B)আটটি C)সাতটি D)নয়টি

II'(নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প- 'বক্তা হলেন ?

A)ঔরঙ্গজেব B)রজনী C)কালিনাথ D)মোহাম্মদ

III) "ওদের কাউকে আমি বিশ্বাস করিনা"- কে কাদের বিশ্বাস করেন না?

A) রজনী বাবু তার প্রেমিকাকে B) রজনী বাবু দর্শকদের

C) গল্পকথক রজনী বাবুকে D) কালিনাথকে রজনী বাবু।

IV)'তাও আর বছর কয়েক পরে মানাবে না আমাকে -'কোন চরিত্রে বক্তাকে মানাবে না?

A)রাজার চরিত্রে B)রাজপুত্রের চরিত্রে

C) দিলদার চরিত্রে D) ঔরঙ্গজেব চরিত্রে

V)' নানা রঙের দিন 'কোন নাটকের অনুবাদ--

A)সোয়ান সোয়ান B) সোয়ান সং C)অথেলো D) ম্যাকবেথ

VI) থিয়েটারে ঢোকার আগে রজনী বাবু কিসের চাকরি করতেন?

A)পুলিশ ইন্সপেক্টর এর B)ফরেস্ট অফিসে

C)মার্কেটিং এর D) প্রম্পটারের।

4.<u>পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো):যেকোনো পাঁচটি)</u> 1×5=5

i) মাঠের মধ্যে ছোট্ট শহরটির নাম কি?

A. বাগডোগরা B. নকশালবাড়ি C.শিলিগুড়ি D.কাঞ্চনজঙ্ঘা

ii)জেলখানার আইনে কিসের অনুমতি নেই?

A. ঘুড়ি রাখার B. বই রাখার C. পয়সা রাখার D. জুতো রাখার।

iii) কুমারগাতি গ্রামের কার জমি মহাজন দেনার দায়ে কেড়ে নিয়েছিল?

A.নিবেদন সরকার B.গোরাচাঁদ মাস্টার C.সবিনয় সরকার D. চেংম্যান

iv) কার্য-কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

কার্য :বন্দরের ভদ্রলোকেরা ডালু চাষিদের আজকাল থানায় চেয়ার ছেড়ে বসতে দেয়।

কারণ) ক :( ডালুরা নিজেরাও অনেক সভ্য হয়েছে

কারণ) খ :(ডালুরা জমিদারের সঙ্গে সমঝোতায় এসেছে

A. কারণ) ক (ও) খ - (দুটোই ঠিক B.কারণ) ক (ও) খ - ( দুটোই ভুল

C. কারণ) ক (ঠিক কিন্তু)' খ (ভুল• D.কারণ) খ(ঠিক কিন্তু) ক (ভুল

v) "হাজং শব্দের অর্থ-

A. পশু B. পাখি C. পোকা D. প্রজাপতি

vi) চেংম্যান হালুয়াঘাট বন্দরে এসেছিল সওদা করতে

A. ৫০-৬০ বছর আগে B. ১৫-১৬ বছর আগে C. ২৫ ৩০ বছর আগে D. ৪০-৫০ বছর আগে

## PART - B: DESCRIPTIVE QUESTIONS

### SECTION-B. (GRAMMAR)

5)<u>ধ্বনিবিজ্ঞানের নিম্নলিখিত সূত্র গুলোর যেকোনো একটি র দুটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ।</u> 1×4= 4

অভিশ্রুতি , স্বরভক্তি ,

অপিনিহিতি

6)<u>শব্দার্থ তত্ত্বের নিম্নলিখিত প্রকারভেদ গুলির যেকোনো একটির দুটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ</u>: 1×4=4

শব্দার্থের উৎকর্ষ অথবা শব্দার্থের প্রসারণ

### SECTION -C

### Supplementary Reader/Non Detailed Test

7)ক "(ভুড়িভোজনটা অন্যায় কিন্তু না খেয়ে মরাটা উচিত নয় ভাই"

A. কার লেখা কোন গল্পের অংশ ?কে কাকে এই উক্তিটি করেছে?

B. উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। 2+3=5

অথবা

খ"(ফুটন্ত ভাতের গন্ধ তাকে বড় উতলা করে"

A.এখানে কার কথা বলা হয়েছে? তার উতলা হওয়ার কারণ কি?

B.ভাতের গন্ধ তাকে কেন তোলা করেছে গল্প অবলম্বনে আলোচনা কর।

8) "শারশিতে আটকানো মৌমাছির মতো সে মাথা খুরছে সেই স্বচ্ছ সমস্যার অকারণ অর্থহীন অনুচিত...."- উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। 2

9) ক "(আসল বাদাটার খোঁজ করা হয় না আর উৎসবের–"কেন ? 3

অথবা

খ" (ওটা পাশবিক স্বার্থপরতা -"ওটা কেন পাশবিক তা আলোচনা কর।

10) সপ্রসঙ্গ ব্যাখ্যা করে লেখো : 1×5=5

"ঐ সবুজের ভীষণ দরকার"

অথবা

"রূপনারানের কূলে জেগে উঠিলাম"

11)ক"(শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়"-

A. হাঁ করে কিভাবে সবুজ খাওয়া হয়?3

অথবা

খ"(সত্য যে কঠিন
কঠিন রে ভালোবাসিলাম
সে কখনো করে না বঞ্চনা।"

A. এই উপলব্ধিতে কবি কিভাবে উপনীত হলেন ?

12)ক "(তখনই ভয়ে যেন বুকের ভেতরটা হিম হয়ে আসে আমার " 2+3=5

A. বক্তা কে এবং কেন বলেছেন ?

B. কোন পরিস্থিতিতে বক্তার এরূপ মনে হয়েছে এবং তিনি কিভাবে এই পরিস্থিতির জন্য দায়ী?

অথবা

খ"(নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প- এমন বাজে কথায় আমি বিশ্বাস করি না-"

A. কার লেখা কোন নাটকের অংশ? বক্তা কাকে এ কথাটি বলেছে?

B. কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর।

13) ক ("শেষটায় তাকে শুধু পালা হাতে করে ঘরে ফিরতে হতো"

A. কৃষকদের কেন খালি হাতে ফিরতে হতো?

B. কৃষকদের কিভাবে নিপীড়িত হতে হতো সেই বিষয়ে আলোচনা কর। 2+3= 5

অথবা

খ"(হঠাৎ মহাজন যেন করুণার অবতার হয়ে উঠলো"

A. এখানে উল্লেখিত মহাজনের নাম কি? সে কার কাছে করুনার অবতার হয়ে উঠেছিল?

B. আলোচ্য উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

14)ক"(একটা দুষ্টু শনি কোথাও কোন আনাচে যেন লুকিয়ে আছে-"

A.এখানে দুষ্টু শনি বলতে কাদের বোঝানো হয়েছে ?

B.আলোচ্য অংশটির তাৎপর্য বিশ্লেষণ কর। 1×5=5

অথবা

খ"(আইনে নেই বলেই টাকা রাখবার মজার কল করেছে তারা"

A. তারা বলতে কাদের বোঝানো হয়েছে?

B. কিভাবে টাকা রাখার কল বানাত তা আলোচনা কর ।

15.ক"(আজ ইংরেজ নেই, তবু তার আগের ব্যবস্থাই বহাল আছে বক্সায়"- এখানে কোন ব্যবস্থার কথা বলা হয়েছে ? 2

অথবা

খ)"মনমোহনের কথায় চেংমানের মাথায় আকাশ ভেঙ্গে পড়ে"-প্রসঙ্গ উল্লেখ কর।

**SECTION -D**

## Creative Writing

16. নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল ।এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও:

1) +2+3=6)

কলকাতা ,১লা জুলাই ,২০২৫ :আন্তর্জাতিক নারী আন্দোলনের ইতিহাস আজ শত বর্ষের প্রান্তে এসে দাঁড়িয়েছে। আমেরিকার নিউইয়র্কে বস্ত্র শিল্পের কাজে নিযুক্ত প্রায় ১৫ হাজার নারী শ্রমিক তাদের বঞ্চনা ও শোষণের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়েছিলেন ১৯০৮ সালের ৮ ই মার্চ। সেদিনের সে আন্দোলনের ঢেউ আছড়ে পড়েছে পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্তে। তৃতীয় বিশ্বের দেশ গুলিতে বিশেষ করে ভারতের নারী সমাজের খুব একটা পরিবর্তন হয়েছে বলা যায় না।

আর পাঁচটা পালা পর্বন এর মত ৮ই মার্চ নারী দিবসে মিটিং- মিছিল টেবলু বের করে সংগঠনগুলো তাদের দায়িত্ব যেন শেষ করছে। বিশেষ করে গ্রামীণ মহিলাদের ক্ষেত্রে শতকরা আশি শতাংশ মহিলা এখনো শিক্ষা ও স্বনির্ভরতা থেকে পিছিয়ে। সেক্ষেত্রে শুধুমাত্র শহরের রাস্তায় মিছিল বের করে গ্রামের নারী সমাজে ৮ই মার্চের প্রাসঙ্গিকতা সম্পর্কে কতটা বোঝানো সম্ভব সে প্রশ্ন পাঠক মনে থেকেই যায়। বিশ্বজুড়ে বাড়ছে দারিদ্র্য আর এই দারিদ্রকে হাতিয়ার করে চলছে নারী ও শিশু পাচার, নারী দেহের ব্যবসা। যতদিন না দলমত নির্বিশেষে সমাজে সর্বস্তরের মেয়েদের অধিকার আদায়ের আন্দোলনে শামিল করা যাবে ততদিন কোনভাবেই অর্থবহ হয়ে উঠবে না ৮ই মার্চে আন্তর্জাতিক নারী দিবসের তাৎপর্য।

A. উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।
B. আন্তর্জাতিক নারী দিবসের সার্থকতা কি?
C. তিনটি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

17. A.তোমার এলাকায় রথযাত্রা উপলক্ষে মেলা বসবে ,সেই মেলায় স্টল বুকিং এর জন্য আবেদনপত্র আহবান করা হচ্ছে-এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি কর। 6

অথবা

B.তোমার পাড়ায় একটি পাঠ্য সামগ্রীর দোকান এর উদ্বোধন হতে চলেছে। -এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি কর।